

চবিতে বর্ধিত ফি প্রত্যাহারের দাবিতে ডিন কার্যালয় ঘেরাও

● পিএসসির সিদ্ধান্তের প্রতিবাদে বিক্ষোভ মিছিল

চট্টগ্রাম ক্যাম্পে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সকল প্রকার বর্ধিত, নতুন আরোপিত এবং বিভাগভিত্তিক বেতন-ফি প্রত্যাহারের দাবিতে প্রগতিশীল ছাত্রজোট গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, কলা, সমাজবিজ্ঞান ও বাণিজ্য অনুষদের ডিনের কার্যালয় ঘেরাও করেছে। সকালে ডিনের কার্যালয় ঘেরাওয়ের পর এক বিক্ষোভ সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, বাজেট ঘাটতি নিরসনে বিশ্ববিদ্যালয় প্রশাসন, গণহারে বেতন-ফি বাড়িয়ে ছাত্রদের অধিকার হরণ করেছে। এর বাইরেও নিয়ম-নীতি ছাড়া খেলাপ খুশিমতো ফি আদায় করা হচ্ছে। অধিকাংশ ক্ষেত্রে কোন রসিদও দেয়া হচ্ছে না। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সুস্পষ্ট কোন ব্যাখ্যাও দেয়া হচ্ছে না। বর্ধিত বেতন-ফি প্রত্যাহারের দাবিতে লাগাতার আন্দোলনের কর্মসূচির

অংশ হিসেবে আয়োজিত ঘেরাও পরবর্তী বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রজোট চবি শাখার সভাপতি মনুজুল হক ময়ূর, সাধারণ সম্পাদক মেহেদী হাসান তমাল, ছাত্র ইউনিয়ন-চবি সংসদের সভাপতি রিপায়ন বড়ুয়া, সাধারণ সম্পাদক দেবপ্রসাদ দেবু, ছাত্র ফেডারেশনের আহ্বায়ক হেলাল উদ্দিন, সদস্য সচিব জনিক আহমেদ ও ড প্রমুখ। সমাবেশ থেকে আগামী ২০ মে মানববন্ধন কর্মসূচিও ঘোষণা করা হয়।

এদিকে এসএসসি এবং এইচএসসি পরিষদে বাংলা ও ইংরেজি বিষয়ে অলাদাভাবে ৪৫ নম্বর প্রোগ্রামই বিসিএস পরীক্ষায় অংশ নিতে পারবে- পিএসসি'র এমন সিদ্ধান্তকে হঠকারিতামূলক ও অর্থনৈতিক বলে আখ্যায়িত করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিবাদী ছাত্র ঐক্য। পিএসসি'র এই সিদ্ধান্তের প্রতিবাদে তারা গতকাল বুধবার সকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিলের আয়োজন করে। মিছিল শেষে বিশ্ববিদ্যালয় ১ নম্বর গেটে চট্টগ্রাম-নাজিরহাট সড়কে ব্যারিকেড দিয়ে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত এক জটিল সড়ক অবরোধ করে রাখা হয়।

প্রতিবাদী ছাত্র ঐক্যের আহ্বায়ক মোহাম্মদ শওকত আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশ থেকে পিএসসি চেয়ারম্যানের পদত্যাগ দাবিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রধানমন্ত্রীকে স্বাক্ষরকলিপি প্রদানের কর্মসূচি ঘোষণা করা হয়।